মুজিবনগরে পশু জবাই ও চামড়া সংরক্ষণ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

পবিত্র ঈদুল আজহা-২০২৬ উপলক্ষে মেহেরপুরের মুজিবনগরে পশু জবাই ও কোরবানির পশুর চামড়া সঠিক পদ্ধতিতে সংরক্ষণ বিষয়ক বিশেষ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৩ মে) উপজেলা প্রশাসন, মুজিবনগরের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে এ প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ কর্মশালায় মূল প্রশিক্ষক হিসেবে সেশন পরিচালনা করেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. হারিছুল আবিদ এবং ভেটেরিনারি সার্জন ডা. সৈয়দ সাকিবুল হাসান।

প্রশিক্ষণে বক্তারা বলেন, প্রতি বছর অসচেতনতা এবং সঠিক নিয়মে চামড়া না ছাড়ানো ও সংরক্ষণ না করার কারণে দেশের বিপুল পরিমাণ চামড়া নষ্ট হয়ে যায়, যা জাতীয় অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলে। এ অবস্থা থেকে উত্তরণের জন্য কোরবানির পশু জবাইয়ের পর দ্রুত ও সঠিক পদ্ধতিতে চামড়া ছাড়ানো এবং লবণ দিয়ে প্রাথমিক সংরক্ষণের ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়।

প্রশিক্ষকরা বলেন, চামড়া ছাড়ানোর সময় যেন কোনোভাবেই চামড়া কেটে না যায়, সে বিষয়ে কসাই ও সংশ্লিষ্টদের সতর্ক থাকতে হবে। এছাড়া চামড়া ছাড়ানোর ৩ থেকে ৪ ঘণ্টার মধ্যে পর্যাপ্ত পরিমাণ লবণ প্রয়োগ করে সংরক্ষণ করতে হবে, যাতে ব্যাকটেরিয়ার সংক্রমণে চামড়া নষ্ট না হয়।

অনুষ্ঠানে বক্তারা উপস্থিত ইমাম ও মাদ্রাসা সুপারদের প্রতি আহ্বান জানান, তারা যেন জুমার খুতবা ও বিভিন্ন ধর্মীয় সভায় চামড়া অপচয় রোধ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সাধারণ মানুষকে সচেতন করেন। একই সঙ্গে কোরবানির বর্জ্য যেখানে-সেখানে না ফেলে দ্রুত অপসারণে গ্রাম পুলিশ ও স্থানীয় প্রশাসনকে সহযোগিতা করার আহ্বান জানানো হয়।

প্রশিক্ষণার্থীরা এ সময়োপযোগী উদ্যোগের প্রশংসা করেন এবং

অর্জিত জ্ঞান মাঠপর্যায়ে বাস্তবায়নের প্রত্যয় ব্যক্ত করেন।

মেহেরপুরে মোটর শ্রমিকদের চুরি-ডাকাতি ও ছিনতাই রোধে প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরে মোটর শ্রমিক ও অটো ড্রাইভারদের জন্য চুরি, ডাকাতি ও ছিনতাই রোধে প্রশিক্ষণ কর্মশালা ২০২৬ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১১টায় ট্রাফিক বিভাগ, জেলা পুলিশ, মেহেরপুরের আয়োজনে পুলিশ লাইন ড্রিল শেডে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়। পুলিশ সুপার মোটর শ্রমিক ও অটো ড্রাইভারদের উদ্দেশ্যে রাস্তায় সুশৃঙ্খলভাবে ট্রাফিক আইন মেনে গাড়ি চালানোর ওপর গুরুত্বারোপ করেন এবং নিরাপদ ও দায়িত্বশীলভাবে গাড়ি পরিচালনার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ মেহেদি হাসান দিপুসহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং প্রশিক্ষণে অংশগ্রহণকারী মোটর শ্রমিক ও অটো ড্রাইভারগণ।

মেহেরপুরের আমঝুপিতে পারিবারিক সহিংসতা প্রতিরোধে প্রশিক্ষণ

কর্মশালা

মেহেরপুরের আমঝুপিস্থ মানব উন্নয়ন কেন্দ্রে (মউক) পারিবারিক সহিংসতা রোধ এবং সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে নবগঠিত ‘ভিজিলেন্স কমিটি’র সদস্যদের নিয়ে এক বিশেষ প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

‘পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও সমাজে সামাজিক ন্যায়বিচার নিশ্চিতকরণ’ প্রকল্পের আওতায় মউক হলরুমে এ কর্মশালার আয়োজন করা হয়।

কর্মসূচির অংশ হিসেবে দুইটি ইউনিয়নে পর্যায়ক্রমে ভিজিলেন্স কমিটি গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রথম পর্যায়ে আমঝুপি ইউনিয়নের ২১ জন সদস্য নিয়ে একটি কমিটি গঠন করা হয় এবং দ্বিতীয় কমিটি গঠনের পূর্বপ্রস্তুতি চলছে।

কমিটিতে স্থানীয় শিক্ষক, সাংবাদিক, সমাজকর্মী, মানবাধিকার কর্মী, শিক্ষার্থী ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারিদের অন্তর্ভুক্ত করা হয়েছে।

প্রশিক্ষণের প্রধান আলোচ্য বিষয় ছিল জেন্ডারভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মানবাধিকার প্রতিষ্ঠা। প্রশিক্ষণপ্রাপ্ত সদস্যরা মাঠ পর্যায়ে গিয়ে পারিবারিক সহিংসতার শিকার নারীদের কাউন্সেলিং প্রদান করবেন এবং বাল্যবিবাহ ও যৌতুকের মতো সামাজিক ব্যাধি প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করবেন।

প্রশিক্ষণ অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে মউকের নির্বাহী প্রধান বলেন, মেহেরপুর জেলায় বহু নারী কোনো না কোনোভাবে পারিবারিক নির্যাতনের শিকার হচ্ছেন। এই হার কমিয়ে আনতে এবং সহিংসতামুক্ত সমাজ গড়তে স্থানীয় অংশীজনদের সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত জরুরি।

কর্মশালা শেষে অংশগ্রহণকারী সদস্যরা নিজ নিজ এলাকায় মানবাধিকার রক্ষায় কাজ করার এবং পারিবারিক সহিংসতামুক্ত একটি মডেল সমাজ গড়ে তোলার অঙ্গীকার ব্যক্ত করেন।